# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক**

**উত্তরা শাখা, ঢাকা।**

**অর্থঋণ আদালত আইন, ২০০৩ (২০০৩ সনের ৮ নং আইন)-এর ১২(৩) ধারা মোতাবেক**

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অর্থঋণ আদালত আইন, ২০০৩ (২০০৩ সনের ৮নং আইন)-এর ১২(৩) ধারা অনুযায়ী (১) **জনাব কামাল আহমেদ** (জাতীয় পরিচয়পত্র নং ৮৬৫০৩৬০৬৬৫), পিতাঃ ওয়াসি আহমেদ, মাতাঃ খালেদা রহমান, মাতাঃ সারফুন্নেছা; ব্যবস্থাপনা পরিচালক ও জিম্মাদার, (২) **মাহমুদা হাবীবা** (জাতীয় পরিচয়পত্র নং ৮৬৬৯০৯৮২২৩), পিতাঃ মৃতঃ আয়ান উদ্দিন, মাতাঃ মৃতঃ নূরমোহল খাতুন, স্বামীঃ কামাল আহমেদ; চেয়ারম্যান, বন্ধকদাতা ও জিম্মাদার, হিসাবঃ মাস্ট্যাং এপারেলস লিঃ, ব্যবসায়িক ঠিকানাঃ মাদারবাড়ি রোড, উত্তরখান, উত্তরা, ঢাকা-১২৩০ এর নিকট হইতে খেলাপী ঋণ বাবদ বেসিক ব্যাংক লিমিটেড, উত্তরা শাখা, প্লট নং-৬৭/এ, (২য় তলা), রবীন্দ্র স্বরনী, সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২৩০ এর পাওনা ০৩.০১.২০২৪ ইং তারিখ পর্যন্ত মুনাফাসহ **১,৮৪,৫০,০৯১.৬২ (এক কোটি চুরাশি লক্ষ পঞ্চাশ হাজার একানব্বই টাকা বাষট্টি পয়সা) টাকা** মাত্র এবং আদায় কালতক মুনাফা ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে উক্ত ঋণের বিপরীতে ঋণগ্রহীতা, বন্দকদাতা ও জিম্মাদার হিসাবে তাহাদের মালিকানাধীন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধকী দলিলমূলে বন্ধক রাখিয়াছেন। বারবার তলব তাগাদা সত্ত্বেও ঋণ গ্রহীতা বন্ধক দাতার নিকট হইতে ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই। অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা বলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাগণ হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**নিলাম ক্রয়ের শর্তাবলীঃ**

১) নিলাম ক্রেতা বা দরদাতা তার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, প্রস্তাবিত দর অংকে ও কথায় উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে আগামী **১৩-০২-২০২৪ ইং** তারিখ বিকাল ০৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, উত্তরা শাখা, প্লট নং-৬৭/এ, (২য় তলা), রবীন্দ্র স্বরনী, সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২৩০ এ রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ০৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

২) প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে বেসিক ব্যাংক লিমিটেড, উত্তরা শাখা, প্লট নং-৬৭/এ, (২য় তলা), রবীন্দ্র স্বরনী, সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২৩০ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩) দরপত্রদাতা একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৪) অনূর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে অর্থঋণ আদালত আইন (সংশোধনী, ২০১০ এর ৩২(২) ধারা অনুযায়ী জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে।

৫) উপরোক্ত অনুচ্ছেদ নং-৪ এর অধীন জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে ক্রয় করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ ৪ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ন অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় অর্থঋণ আদালত আইন (সংশোধনী, ২০১০ এর ৩২(৩) ধারা অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত হইবে।

৬) তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের, সিটি কর্পোরেশনের, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবে না।

৭) দরপত্রে মালামাল/সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবেন।

৮) দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা ফেরত দেওয়া হইবে। তবে বাতিল বা অগৃহীত দরপত্রের জামানতের জন্য কোন প্রকার সুদ বা ক্ষতিপূরণ প্রদান করা হইবে না।

৯) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

১০) সফল দরদাতাকে সরকারী বিধি-বিধান মোতাবেক যাবতীয় রেজিষ্ট্রী খরচ বহন করিতে হইবে।

১১) তফসিল বর্ণিত সম্পত্তির দখল অর্থঋণ আদালত আইন, ২০০৩-এর বিধান মতে হস্তান্তরিত হইবে। এক্ষেত্রে যাবতীয় ব্যয় নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে। আইনগত কোন জটিলতার উদ্ভব হইলে ইহার জন্য ব্যাংক কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী হইবেন না।

১২) নিলাম সংক্রান্ত বিরোধের যেকোন বিষয়ে ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হইবে। ইহাতে নিলাম ক্রেতার বৈধ প্রতিনিধি বা উত্তরাধিকারীগণের কোনরূপ দাবী সর্বক্ষেত্রে আইন আদালতে অগ্রাহ্য বলে গণ্য হইবে।

১৩) কোন রকম কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**তফসিল-ক**

জলা-রাজশাহী, থানা ও সাব রেজিস্ট্রি অফিসঃ সদর রাজশাহী, মৌজাঃ বোয়ালিয়া, জে.এল নং সি.এস ও এস.এ-২০৩ এবং আর.এস-০৯, দাগ নং সি.এস-২২২৫, ২২২৬; এস.এ-২২২৬, ৪০০৫; আর.এস-৪২৩১; খতিয়ান নং সি.এস ২২২৯, ৩৬; এস.এ ২৬৩৫, ৩৬; আর.এস ১৬৩৭; নামজারি খাতিয়ান নং ১০৬৭১, জোত নং ১০৭০০, জমির পরিমান (৭.৩৫২+১.৮৩৮)=৯.১৯ শতাংশ ।

**শাখা ব্যবস্থাপক**
বেসিক ব্যাংক লিমিটেড, উত্তরা শাখা
প্লট নং-৬৭/এ (২য় তলা), রবীন্দ্র স্বরনী, সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২৩০

**বণিক বার্তা-১৯-০১-২০২৪**

**সোনালী সংবাদ-১৯-০১-২০২৪**